# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 08 May, 2025

বিএনপি'র যুগ্ম মহাসচিব সৈয়দ এমোরান সালেহ প্রিন্স বলেছেন, জনগনের রায়ে বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে ভিশন ২০৩০-এ উল্লেখিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর অর্থ-সামাজিক উন্নয়নে ও তাদের ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্য ধরে রাখতে সরকারিভাবে পৃথক অধিদপ্তর গঠন করা হবে।

বৃহস্পতিবার (৮ এপ্রিল) বিকেলে ময়মনসিংহ তারেক স্মৃতি অডিটোরিয়ামে ট্রাইবাল অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর ৩৬ তম বার্ষিক সাধারণ সভা ও কাউন্সিল অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বাংলাদেশের অভ্যন্তরে বসবাসকারী সকল জাতি গোষ্ঠী যাতে নিজ নিজ বিশ্বাস অনুযায়ী ধর্ম ও সংস্কৃতি চর্চা করতে পারে, সেজন্য বিএনপি সর্বাত্মকভাবে চেষ্টা চালাবে। পাশাপাশি সকল জাতি গোষ্ঠীর ধর্মীয় ও সাংস্কৃতিক অধিকার সংরক্ষণ এবং সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য অধিকতর সুবিধা নিশ্চিৎ করবে।

তিনি বলেন, একটি মহল বিএনপি সর্ম্পকে অপপ্রচার করে যে, বিএনপি নির্দিষ্ট ধর্ম-বর্ণের দল। তাদের অপ-প্রচার নাকচ করে বিএনপির এই যুগ্ম মহাসচিব বলেন, বিএনপি বাংলাদেশের অভ্যন্তরে বসবাসকারী সকল ভাষা-ভাষী, সকল ধর্মের ও সকল সংস্কৃতি, সকল ক্ষুদ্র জাতিগোষ্ঠী ও গোত্রের মানুষের দল।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বাংলাদেশী জাতীয়তাবাদ দর্শনের মাধ্যমে

সকল জাতিগোষ্ঠীর স্বীকৃতি প্রদান করেছিলেন। তিনি বলেছিলেন শুধুমাত্র ভাষা বা ধর্মের ভিত্তিতে কোন জাতি গড়ে উঠতে পরে না। সে জন্যই তিনি

বাংলাদেশের অভ্যন্তরে বসবাসকারী সকল জাতি গোষ্ঠীর সামাজিক সাংস্কৃতিক ও ধর্মীয় পরিচয়কে স্বীকৃতি প্রদানের মাধ্যমে বাংলাদেশী জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করে জাতিসত্তার পরিচয় প্রদান করেছিলেন। বিএনপি বাংলাদেশের ভূ-খণ্ডে বসবাসকারী সকল মানূষের উন্নয়ণ ও কল্যাণে কাজ করে এবং তাদের আকাঙ্ক্ষা ধারণ করে। তিনি সকল জন-জাতিকে বিএনপির পাশে থাকার আহ্বান জানান।

ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশনের চেয়ারম্যন সুবাস বর্মণের সভাপতিত্বে অনুষ্ঠিত সাধারণ সভা ও কাউন্সিল অধিবেশনে উপস্থিত ছিলেন, ময়মনসিংহ মহানগর বিএনপির আহবায়ক অধ্যাপক শফিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক অধ্যাপক শেখ আমজাদ আলী, উত্তর জেলা বিএনপির যুগ্ম-আহবায়ক মোতাহার হোসেন তালুকদার, দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব রোকনুজ্জামান সরকার রোকন, হলুয়াঘাট উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক কাজী ফরিদ আহমেদ পলাশ, জাতীয়তাবাদী ক্ষুদ্র নৃগোষ্ঠী দলের সভাপতি মৃগেন হাগিদক, ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশনের সেক্রেটারী জেনারেল স্বর্ণকান্ত হাজং প্রমুখ।

ক্ষুদ্র-নৃগোষ্ঠী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 19:30

URL: https://timestodaybd.com/mymensingh/2169239161